বাংলাদেশ কৃষি ব্যাংক
প্রধান কার্যালয়
কৃষি ব্যাংক ভবন
৮৩-৮৫,মতিঝিল বাণিজ্যিক এলাকা
ঢাকা-১০০০

ফোন ঃ ৯৫৫৬৯৩১
৯৫৬০০২১-২৫
৯৫৬০০৩১-৩৫
e-mail: dgmaccounts1@krishibank.org.bd

## কেন্দ্রীয় হিসাব বিভাগ

নং-প্রকা/হিসাব(শাখা-১)/১(৫৫)/২০২০-২১/৮৮৫(১২৫০) তারিখঃ ১১.০৫.২০২১

০১. মহাব্যবস্থাপক, স্থানীয় মুখ্য কার্যালয়
০২. উপমহাব্যবস্থাপক, কর্পোরেট শাখাসমূহ
০৩ সকল মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক, মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক কার্যালয়
০৪. সকল শাখা ব্যবস্থাপক (মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক কার্যালয়ের মাধ্যমে)
বাংলাদেশ কৃষি ব্যাংক

বিষয়ঃ করোনার কারণে সৃষ্ট অর্থনৈতিক পরিস্থিতির প্রেক্ষিতে ক্ষুদ্র আমানতকারীগণকে আর্থিক প্রণোদনা প্রদান ও আমানত বৃদ্ধিতে উৎসাহ প্রদানের লক্ষ্যে ১০.০০ লক্ষ টাকা পর্যন্ত গড় আমানত স্থিতি বিশিষ্ট সঞ্চয়ী হিসাবের বিপরীতে শুধুমাত্র ২০২১ চলতি পঞ্জিকা বছরের জন্য দু'বারের পরিবর্তে একবার Account Maintenance Fee (Schedule of Charges) কর্তন প্রসঙ্গে।

প্রিয় মহোদয়,

০১। উপর্যুক্ত বিষয়ে বাংলাদেশ ব্যাংকের ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগের ১১.০৪.২০২১ তারিখের বিআরপিডি সার্কুলার নং-২১ এর প্রতি দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে। (কপি সংযুক্ত)

০২। বর্ণিত সার্কুলার লেটারের মাধ্যমে করোনাভাইরাস সংক্রমণজণিত কারণে সৃষ্ট অর্থনৈতিক পরিস্থিতির প্রেক্ষিতে ক্ষুদ্র আমানতকারীগণকে আর্থিক প্রণোদনা প্রদান ও আমানত বৃদ্ধিতে উৎসাহিত করার লক্ষ্যে ১০.০০ লক্ষ টাকা পর্যন্ত গড় আমানত স্থিতি বিশিষ্ট সঞ্চয়ী হিসাবের বিপরীতে বছরে দুইবারের পরিবর্তে একবার Account Maintenance Fee আদায় করার জন্য ব্যাংকসমূহকে নির্দেশনা প্রদান করা হয়েছে। এ নির্দেশনা শুধুমাত্র ২০২১ পঞ্জিকা বছরের জন্য প্রযোজ্য হবে মর্মে বলা হয়েছে।

০৩। এমতাবস্থায়, বাংলাদেশ ব্যাংকের উপর্যুক্ত নির্দেশনা মোতাবেক বর্তমান পঞ্জিকা বর্ষ অর্থ্যাৎ শুধুমাত্র ২০২১ সাল এর জন্য ১০.০০ লক্ষ টাকা পর্যন্ত গড় আমানত স্থিতি বিশিষ্ট সঞ্চয়ী হিসাবের বিপরীতে Account Maintenance Fee দু'বারের পরিবর্তে একবার অর্থ্যাৎ জুন/২০২১'এ কর্তন বন্ধ রেখে ডিসেম্বর/২০২১'এ কর্তন করার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হলো।

০৪। উল্লেখ্য, এতদবিষয়ে অত্র বিভাগের ০২.১২.২০১৯ তারিখের Account Maintenance Fee বিষয়ক অভিন্ন নথির পত্র নং ৫০১ এর অন্যান্য নির্দেশাবলী অপরিবর্তিত থাকবে।

অনুমোদনক্রমে-

আপনার বিশ্বস্ত

সংযুক্তি-বর্ণনামতে

১০.০৫.২১

(খান তামজিদ আহমেদ)
উপমহাব্যবস্থাপক

---

নং-প্রকা/হিসাব(শাখা-১)/১(৫৫)/২০১৯-২০/৮৮৫(১২৫০) তারিখঃ ১১.০৫.২০২১

**সদয় জ্ঞাতার্থে ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণার্থে প্রেরণ করা হলো ঃ**

০১। চীফ ষ্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রকা, ঢাকা।
০২। ষ্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের দপ্তর, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রকা, ঢাকা।
০৩। ষ্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর/অধ্যক্ষ, ষ্টাফ কলেজ, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রকা, ঢাকা।
০৪। সকল মহাব্যবস্থাপক, বিভাগীয় কার্যালয়সমূহ/স্থানীয় মুখ্য কার্যালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক।
০৫। সকল বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, বিভাগীয় নিরীক্ষা কার্যালয়সমূহ, বাংলাদেশ কৃষি ব্যাংক।
০৬। সকল উপমহাব্যবস্থাপক/সচিব, প্রকা/স্থানীয় মুখ্য কার্যালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক, ঢাকা।
০৭। **উপমহাব্যবস্থাপক, আইসিটি সিষ্টেমস্, কার্ড ও মোবাইল বিভাগ, বিকেবি, প্রকা, ঢাকাকে পত্রটি ব্যাংকের ওয়েব সাইটে আপলোডসহ উপর্যুক্ত বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য অনুরোধ করা হলো।**
০৮। সকল আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়সমূহ, বাংলাদেশ কৃষি ব্যাংক।
০৯। নথি/মহানথি।

১১.০৫.২০২১

(আরিফুর রহমান)
সহকারী মহাব্যবস্থাপক

Website: www.bb.org.bd

ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ
বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
ঢাকা।

**বিআরপিডি সার্কুলার লেটার নং- ২১**

**তারিখ: ২৮ চৈত্র ১৪২৭ / ১১ এপ্রিল ২০২১**

**ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী**
**বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক।**

**প্রিয় মহোদয়,**

## Master Circular on Schedule of Charges

শিরোনামোক্ত বিষয়ে ৩১ অক্টোবর ২০১৯ তারিখের বিআরপিডি সার্কুলার নং-০৭ এর প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

০২। বিআরপিডি সার্কুলার নং-০৭/২০১৯ এর মাধ্যমে ব্যাংকিং খাতে আমানত বৃদ্ধি এবং ক্ষুদ্র আমানতকারীদেরকে ব্যাংকমুখী করার লক্ষ্যে গড় আমানত স্থিতির উপর ভিত্তি করে সঞ্চয়ী হিসাবের বিপরীতে রক্ষণাবেক্ষণ ফি (Account Maintenance Fee) যৌক্তিকীকরণপূর্বক পুনঃনির্ধারণ করে দেয়া হয়। উক্ত পুনঃনির্ধারিত হার অনুযায়ী ব্যাংকসমূহ প্রতি ষাণ্মাসিকে একবার অর্থাৎ বছরে দুইবার একটি হিসাব হতে Account Maintenance Fee আদায় করতে পারে।

০৩। এক্ষণে, করোনাভাইরাস সংক্রমণজনিত কারণে সৃষ্ট অর্থনৈতিক পরিস্থিতির প্রেক্ষিতে ক্ষুদ্র আমানতকারীগণকে আর্থিক প্রণোদনা প্রদান ও আমানত বৃদ্ধিতে উৎসাহিত করার লক্ষ্যে ১০.০০ লক্ষ টাকা পর্যন্ত গড় আমানত স্থিতিবিশিষ্ট সঞ্চয়ী হিসাবের বিপরীতে বছরে দুইবারের পরিবর্তে একবার Account Maintenance Fee আদায় করার জন্য ব্যাংকসমূহকে নির্দেশনা প্রদান করা যাচ্ছে।

০৪। এ নির্দেশনা শুধুমাত্র ২০২১ পঞ্জিকা বছরের জন্য প্রযোজ্য হবে।

ব্যাংক কোম্পানী আইন, ১৯৯১ এর ৪৫ ধারায় প্রদত্ত ক্ষমতাবলে এ নির্দেশনা জারি করা হলো।

আপনাদের বিশ্বস্ত,

(মোঃ নজরুল ইসলাম)
মহাব্যবস্থাপক
ফোনঃ ৯৫৩০২৫২